# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
## চুনারুঘাট, হবিগঞ্জ।

**পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী :**

সভাপতি : মোঃ জিয়াউর রহমান
প্রশাসক, চুনারুঘাট পৌরসভা
সভার তারিখ ও সময় : ৩০.১২.২০২৫ খ্রিষ্টাব্দ, বিকাল ৩.০০টা
সভার স্থান : সভাকক্ষ, চুনারুঘাট পৌরসভা।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকল সদস্য ও পৌরসভার কর্মকর্তা-কর্মচারীগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভপতির অনুমতিক্রমে পৌরসভার হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোহাম্মদ লিয়াকত আলী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতপর: সভায় আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | পৌরসভার বিভিন্ন কর ফি ইত্যাদি রাজস্ব আদায় সংক্রান্ত। | সভায় হিসাবরক্ষণ কর্মকর্তা বিগত মাসে পৌরসভার হোল্ডিং টেক্স, ট্রেড লাইসেন্স ফি, যানবাহন কর ও অন্যান্য খাতে রাজস্ব আদায়ের তথ্য/ হিসাব বিবরনী উপস্থাপন করেন। উপস্থাপিত হিসাব বিবরণী সভায় পর্যলোচনা করা হয়। হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, অত্র পৌরসভায় চলমান IUGIP প্রকল্পটি Result Based Lending এবং DLI ভিত্তিক হওয়ায় প্রকল্পের আওতায় প্রনীত UGIAP এ বর্ণিত কার্যক্রম কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। তন্মধ্যে হোল্ডিং টেক্স নূন্যতম ৮০% এবং নন টেক্স রাজস্ব দাবীর নূন্যতম ৯০% আদায় করতে হবে। পৌরসভার নিজস্ব রাজস্ব বাজেটের আওতায় Poverty Redution Action Plan (PRAP) খাতে ১% , Gender Equation and Social Inclusion Action Plan (GESIAP) খাতে ১% এবং O & M খাতে মোট রাজস্ব বাজেটের ২৫% অর্থ ব্যয় করতে হবে। অন্যথায় পৌরসভা প্রকল্প সহায়তা থেকে বাদ পড়তে পারে। নাগরিক সেবার এ সকল খাতের ব্যয় নির্বাহের জন্য পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধি অব্যাহত রাখতে হবে। অন্তর্বর্তীকালীন এসেসমেন্ট করে নতুন হোল্ডিং এর কর ধার্য ও আদায় করা প্রয়োজন। তাছাড়া রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে আদায়ের নতুন নতুন উৎস বের করা প্রয়োজন। তিনি আরো জানান চলতি অর্থ বছরের যানবাহন লাইসেন্স ফি আদায়ের জন্য অভিযান পরিচালনা হচ্ছে।<br><br>সভাপতি জানান যে, IUGIP প্রকল্পটি চুনারুঘাট পৌরসভার জন্য খুবই গুরুত্বপূর্ন। এ প্রকল্প হতে বরাদ্ধকৃত অর্থ দ্বারা পৌরসভার গুরুত্বপূর্ণ বড় বড় অবকাঠাসো উন্নয়নের কাজ চলমান আছে এবং আরো কাজ করার সুযোগ রয়েছে। কাজেই প্রকল্পের শর্তাবলী পূরণসহ পৌরবাসীকে কাঙ্খীত নাগরিক সেবা প্রদানের জন্য পৌরসভার নিজস্ব রাজস্ব দাবী ও আদায় বৃদ্ধি অপরিহার্য । পৌরসভার হোল্ডিং নন-হোল্ডিং টেক্স/রাজস্ব আদায়ের হার আরো বৃদ্ধির জন্য সকলকেই আরো তৎপর হতে হবে। যানবাহন লাইসেন্স ফি, ট্রেড লাইসেন্স ফি আদায়ের জন্য প্রয়োজনীয় কার্যক্রম শুরু করতে হবে এবং কমিটির সকলকেই আদায় কার্যক্রমে সার্বিক সহযোগিতা এবং নিয়মিত তদারকী করতে হবে।<br><br>**সিদ্ধান্ত ১.১:** বকেয়াসহ হালসনের হোল্ডিং টেক্স, ট্রেড লাইসেন্স ফি, অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স ফি, ইমারত নির্মান ফি ইত্যাদি আদায়ের জন্য করদাতাদেরকে তাগাদাপত্র প্রদান, মাইকিং এবং টিম গঠন করে হোল্ডিং টেক্স ও নন হোল্ডিং রাজস্ব আদায় কার্যক্রম পরিচালনা করতে হবে। অন্তর্বর্তীকালীন এসেসমেন্টের মাধ্যমে বাদপড়া ও নতুন নতুন হোল্ডিং এর কর ধার্য ও আদায় করতে হবে। তাছাড়া আদর্শ কর তফসিল ২০১৪ (সংশোধনী ২০১৭) এর আলোকে নতুন নতুন উৎস/খাত হতে কর/ফি আদায়ের ব্যবস্থা গ্রহন করতে হবে। | (ক) প্রশাসক<br>(খ) পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা<br>(গ) উপ সহকারী প্রকৌশলী<br>(ঘ) কর আদায়কারী<br>(ঙ) বিভিন্ন সনদপত্র প্রস্তুত কাজে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সহকারীগন। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | ১.২ : ০১.০১.২০২৬ খ্রিঃ তারিখ হতে, সেপ্টেম্বর ২০২৫ মাসের সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পুনঃনির্ধারিত হারে যানবাহন কর আদায় করা হবে। | |
| ০২ | উন্নয়নমূলক কর্মকান্ড : | (ক) সভায় উপসহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ জানান যে, এডিপি, কোভিড-১৯, IUGIP প্রকল্পের আওতায় পূর্বে গৃহীত উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে। ২০২৫-২০২৬ অর্থ বছরের উন্নয়ন সহায়তা (এডিপি) খাতে সম্ভাব্য সাধারণ বরাদ্ধ ৮২.০৮ লক্ষ টাকার প্রকল্পের খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে। নির্বাচনী বিধি নিষেধ থাকায় নির্বাচনকালীন সময়ের পর প্রকল্প ও প্রাক্কলন চূড়ান্ত করে দরপত্র আহবান করা হবে। IUGIP প্রকল্পের আওতায় প্রস্তাবিত ২৫ (পঁচিশ) কোটি মধ্যে আপাতত: ১৩ কোটি ৩৪ লক্ষ টাকার ১১টি প্রকল্পের (১টি প্যাকেজে) প্রাথমিক তালিকা তিনি সভায় উপস্থাপন করেন। তিনি আরো জানান প্রকল্পের তালিকা IUGIP প্রকল্প পরিচালকের কার্যালয়ে প্রেরনের পর পিডি অফিসের বিশেষজ্ঞ টিম কর্তৃক সরজমিনে যাচাই বাছাই করে তা চূড়ান্ত করা হবে। পিডি মহোদয়ের অনুমোদন পাওয়ার পর দরপত্র আহবানের ব্যবস্থা করা হবে। অবশিষ্ট অর্থের আরো ১টি প্যাকেজের প্রকল্প তালিকা প্রস্তুতের কার্যক্রম চলমান আছে।<br><br>উপসহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ সভাকে আরো জানান যে, IUGIP প্রকল্পের আওতায় চুনারুঘাট পৌরসভাধীন "বুচিনালা খাল খনন প্রকল্প"টি বাস্তবায়নের জন্য প্রস্তাবিত বুচিনালা খালের লেভেল সার্ভে ও টপোগ্রাফিক্যাল সার্ভে করা প্রয়োজন। সম্প্রতি অনলাইন সভায় প্রকল্প পরিচালক মহোদয় পৌরসভার নিজস্ব অর্থায়নে জরুরীভিত্তিতে উক্ত সার্ভের কাজ সম্পন্ন করে সার্ভে রিপোর্ট পিডি অফিসে প্রেরনের জন্য নির্দেশ দিয়েছেন। তিনি পৌরসভার নিজস্ব রাজস্ব তহবিলের O&M আওতায় সার্ভের কাজটি বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।<br><br>সিদ্ধান্ত ২.১ : চলমান এডিপি, কোভিড-১৯, ও IUGIP প্রকল্পের আওতায় চলমানবিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ গুনগতমান অক্ষুন্ন রেখে দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>সিদ্ধান্ত ২.২ : IUGIP প্রকল্পের আওতায় ২৫ (পঁচিশ) কোটি টাকার মধ্যে আপাতত: ১৩ কোটি ৩৪ লক্ষ টাকায় ১১টি প্রকল্পের (১টি প্যাকেজে) বাস্তবায়নের নিমিত্ত IUGIP প্রকল্পের প্রকল্প পরিচালকের কার্যালয়ে প্রেরণের জন্য নিম্নোক্ত প্রকল্পসমূহ সভায় অনুমোদন করা হয় :<br><br>**<u>প্রকল্পের তালিকা :</u>**<br>(1) mprovement of Road by Reinforced Cement Concrete (RCC) work at Ideal School starting from existing RCC road to Barail Main Road (Ch. 100.00-500.00m) including 4 no's x-drain at ch.0.00m, ch. 67.00m, ch. 190.00m & ch. 310.00m and 1 no link road (Ch. 0.00-60.00m). Total length 460m with street light at ward no. 2 of Chunarughat Pourashava, District: Habiganj. Est.Cost Tk: **130,00,000.00**<br><br>**(2)** Rehabilitation of Road starting from Girl's School road to Shamsul Haque's House via Abdul Matin Chowdhury's House by RCC (Ch.00-137.00m) Total length 137m with street light at ward no. 4 of Chunarughat Pourashava, District: Habiganj. Est.Cost Tk: **29,00,000.00**<br><br>**(3)** Rehabilitation of Road starting from Barail BC road to Mr. Rafique's House by RCC (Ch.00-170.00m) including 1 no x-drain at ch.19.00m.Total length 170m with street light at ward no. 4 of Chunarughat Pourashava, District: Habiganj. Est.Cost Tk. **59,00,000.00** | (ক) প্রশাসক<br>(খ) উপ সহকারী প্রকৌশলী<br>(গ) সদস্য (সকল) সহায়ক কমিটি। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | **(4)** Rehabilitation/Improvement of Road starting from Barail Nasir Uddin Shah road to Hazi Yasin Govt. Primary School via Ful Miah Tailors House (Ch.00-600.00m) by RCC Including 3 no's x-drain at ch.79.00m, ch. 119.00m & ch. 163.00m with 1 no link road (Ch. 0.00-95.00m). Total length 695m with street light at ward no. 2 of Chunarughat Pourashava, District: Habiganj. Est.Cost Tk. **210,00,000.00**<br><br>**(5)** Improvement of Road by Reinforced Cement Concrete (RCC) work starting from Existing RCC Road to Pourashava end (Ch.0.00-760.00m) including 6 no's x-drain at ch.372.00m, ch.455.00m, ch.483.00m, ch.500.00m, ch. 542.00m & ch. 633.00m Total length 760m at with street light ward no. 3 of Chunarughat Pourashava, District: Habiganj. Est.Cost Tk. **190,00,000.00**<br><br>**(6)** Improvement of Chandana BC Road starting from Balla road to Balla road via Rahmat Ullah's House and Ambor Ali Sorder's House by RCC (Ch.00-1370.00m) including 6 no's x-drain at ch.285.00m, ch.441.00m, ch.450.00m, ch.780.00m, ch. 960.00m & ch. 1230.00m Total length 1370m at with street light ward no. 9 of Chunarughat Pourashava, District: Habiganj. Est.Cost Tk. **250,00,000.00**<br><br>**(7)** Rehabilitation/Improvement of Road starting from Barail Komla Shah Mazar to Ex. Mayor Mohammad Ali's House (Ch.00-265.00m) by RCC including 4 no's x-drain at ch.115.00m, ch.146.00m, ch.163.00m and ch.223.00m with 1 no link road (Ch. 0.00-120.00m) via Zamia Islamia Kinder Garten including 1 no x-drain at ch.1.00m. Total length 385m with street light at ward no. 2 of Chunarughat Pourashava, District: Habiganj. Est.Cost Tk. **120,00,000.00**<br><br>**(8)** Rehabilitation of Road starting from BM School road to Agriculture Office inside Upazilla Complex by RCC (Ch.00-70.00m) including 1 no x-drain at ch.34.00m.Total length 70m with street light at ward no. 6 of Chunarughat Pourashava, District: Habiganj. Est.Cost Tk. **26,00,000.00**<br><br>**(9)** Rehabilitation of Road starting from Balla road to Old Highway via Khadija Mansion by RCC (Ch.00-685.00m) including 4 no's x-drain at ch.285.00m, ch.380.00m, ch.441.00m & ch..450.00m.Total length 685m with street light at ward no. 9 of Chunarughat Pourashava, District: Habiganj. Est.Cost Tk. **180,00,000.00** | |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | **(10)** Rehabilitation of Road starting from Bagbari Sayed Nasir Uddin Shah Road to Adjusting Khoai River Road via Old Zame Mosque by RCC (Ch.00-350.00m) including 8no's x-drain at ch.37.00m, ch.68.00m, ch.80.00m, ch.120.00m, ch.134.00m, ch.150.00m, ch.190.00m & ch.275.00m with 1no link road near Bagbari Govt. Primary School (Ch.00-120.00m) Total length 470m with street light and protection work 25.00m at link road at ward no. 1 of Chunarughat Pourashava, District: Habiganj. Est.Cost Tk **100,00,000.00**<br><br>**(11)** Construction of RCC Drain beside Shotong Road starting from AC Land Office to Chonnar Culvert via Mintu Roy's House (Ch.00-140m) Total length 140m at ward no. 6 of Chunarughat Pourashava, District: Habiganj. Est.Cost Tk **40,00,000.00**<br><br>**<u>Total Estimeted Cost Tk. 13,34,00,000.00</u>**<br><br>সিদ্ধান্ত ২.৩ : "চুনারুঘাট পৌরসভার মাস্টার খাল খনন (বুচিনালা) ও ওয়াকওয়ে নির্মান কাজের টপোগ্রাফিক্যাল সার্ভে এবং লেভেল সার্ভে" কাজটি জরুরী ভিত্তিতে কোটেশন আহবান (RFQ) পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ কাজের জন্য প্রাক্কলিত ব্যয় ১ (এক) লক্ষ টাকা সভায় অনুমোদন করা হয়। উক্ত ব্যয় পৌরসভার উন্নয়ন সহায়তা (এডিপি) তহবিল হতে নির্বাহ করা হবে। | |
| ০৩ | ময়লা-আবর্জনা পরিস্কার পরিচ্ছন্নকরণ। | হিসাবরক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে নিয়োজিত পরিচ্ছন্ন কর্মী/দৈনিক হাজিরা ভিত্তিক শ্রমিকগণ ৩টি টিমে ভাগ হয়ে ২টি শিপ্টে ময়লা আবর্জনা পরিস্কারের কাজ করে যাচ্ছে। ডে শিপ্টে ১টি টিম শহরের উত্তরাংশে (৫টি ওয়ার্ডের) ড্রেনের বর্জ্য, ১টি টিম দক্ষিনাংশের (৪টি ওয়ার্ডের) ড্রেনের বর্জ্য এবং অন্য ১টি টিম শহরের সকল ডাস্টবিনের ময়লা আবর্জনা অপসারনের কাজ সম্পন্ন করছেন। তাছাড়া নাইট শিপ্টে ২টি টিমে ভাগ হয়ে শহরের রাস্তাঘাট ঝাড়ু দিয়ে পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ করা হচ্ছে ময়লা আবর্জনা অপসারনের কাজ স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।<br><br>সভায় সরকারি বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, ডায়গনষ্টিক সেন্টারের বর্জ্য অপসারণের বিষয়ে আলোচনা হয়। উপসহকারী প্রকৌশলী ও হিসাবরক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, অত্র পৌরসভায় কোনো স্থায়ী Dumping Station এবং Garbage Management plant নাই। খোয়াই নদীর পার্শ্বে একটি খালি জায়গায় আপাতত: অস্থায়ীভাবে ময়লা আবর্জনা ফেলা হয়। হাসপাতাল, ক্লিনিক ও ডায়গনষ্টিক সেন্টারের মেডিকেল বর্জ্য অপসারণ/ব্যবস্থাপনা করার মতো স্থাপনা/ইকুইপমেন্ট নাই। নিয়ম অনুযায়ী মেডিকেল বর্জ্য সরকার নির্ধারিত পদ্ধতি /স্বাস্থ্যসম্মত উপায়ে অপসারণ/ Disposal করার দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্টানের। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোপ-আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত ৩.১ :** নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতার কাজ অব্যাহত রাখতে রাখতে হবে। শহরের যেসকল এলাকার ডাস্টবিন নষ্ট হয়ে গেছে সেখানে নতুন ডাস্টবিন পুন:স্থাপন করতে হবে। ময়লা আবর্জনার স্তুপে এবং ড্রেন, ডাস্টবিনের আশপাশে নিয়মিত ব্লিচিং পাউডার ছিটাতে হবে। কমিটির সকল সদস্যগন পরিস্কার পরিচ্ছন্নতার কাজ নিয়মিত তদারকী করবেন।<br><br>**সিদ্ধান্ত ৩.২ :** সরকারি বিধি অনুযায়ী হাসপাতাল, ক্লিনিক ও ডায়গনষ্টিক সেন্টারের মেডিকেল বর্জ্য স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় স্বাস্থ্যসম্মত উপায়ে অপসারণ/ Disposal করবেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে পত্র দিয়ে অবহিত করতে হবে। | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত ৩. :** হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টারের সাধারণ বর্জ্য চুক্তির আওতায় নির্ধারিত ফি/চার্জ আদায় স্বপেক্ষে পৌরসভা কর্তৃক অপসারণ/ Disposal করা হবে। | |
| ০৪ | ডেঙ্গু মশক নিধন ও পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম : | সহায়ক কমিটির সদস্য ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব মোঃ মোজাম্মেল হোসেন সভায় বলেন যে, বর্তমানে সারাদেশেই ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গুসহ মশাবাহিত রোগ নিয়ন্ত্রনের জন্য মশক নিয়মিত মশক নিধন ওষুধ ছিটানোর কাজ জোরদার করার প্রয়োজন।<br><br>সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, মশক নিধনকল্পে নিয়মিত মশার ওযুধ ছিটানো পৌরসভার অন্যতম গুরুত্বপূর্ন দায়িত্ব। ডেঙ্গুসহ মশাবাহিত বিভিন্ন রোগ প্রতিরোধের জন্য নিয়মিত মশক নিধন ঔষধ স্প্রে করা খুবই জরুরী। তিনি আরো জানান গত ০৬ নভেম্বর'২০২৫ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত "সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান" সংক্রান্ত সভায়- নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা, মশক নিধনকল্পে লার্ভিসাইডিং ও এডাল্টিসাইডিং ঔষধ প্রয়োগ করার বিষয়ে নির্দেশনা রয়েছে। জেলা প্রশাসক, হবিগঞ্জ মহোদয়ের কার্যালয়ের ১২ নভেম্বর ২০২৫ তারিখের ০৫.৪৬.৩৬০০.০০০.০০৯.১৩.০০৪৪.২৩.৪৯৫ নং স্মারকে ডেঙ্গু প্রাদুর্ভাব রোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। পৌর হিসাবরক্ষণ কর্মকর্তা ও উপসহকারী প্রকৌশলী জানান যে, বর্তমানে পৌরসভায় মাত্র ১টি ফগার মেশিন রয়েছে । এটি দিয়ে সমগ্র পৌর এলাকায় মশক নিধন ওষুধ ছিটানা দুরূহ। চলতি অর্থবছরে কোনো মশার ওষুধ ক্রয় করা হয়নি । পূর্বের মজুদ ইতোমধ্যেই শেষ হয়ে গেছে।<br><br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলাপ-আলোচনান্তে জনস্বার্থে ডেঙ্গুসহ মশাবাহিত বিভিন্ন রোগ প্রতিরোধের লক্ষ্যে, সমগ্র পৌর এলাকায় নিয়মিত মশক নিধন ঔষধ স্প্রে করার জন্য উন্নত মানের ২টি ফগার মেশিন, ২টি স্প্রে মেশিন, লার্ভিসাইডিং ও এডাল্টিসাইডিং ঔষধ ক্রয় করার বিষয়ে সকলেই একমত পোষন<br>সিদ্ধান্ত ০৪.১ : ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে পৌর এলাকায় নিয়মিত মশক নিধন ঔষধ স্প্রে করার জন্য আপাতত: নিম্নোক্ত পন্য সামগ্রী (ফগার মেশিন, স্প্রে মেশিন, লার্ভিসাইডিং ও এডাল্টিসাইডিং ঔষধ ) ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় :<br><br>(১) TF-35, Origin : Germany, Type : Thermal Fogger, Dimensions : 137 x 27 x 34 cm (L x W x H) মডেলের ২টি ফগার মেশিন ;<br>(২) মশক নিধন ঔষধ (Larvicide) স্প্রে করার জন্য ২টি স্প্রে মেশিন ;<br>(৩) Adulticide গ্রুপের ঔষধ : Mosquitocide, Origin : India, Chemical : Prallefhrin, etofenprox, pyrethrins, permethrin, resmethrin, sumithrinetc. 2 drum (200 litre per drum) ;<br>(৪) Larvicide গ্রুপের ঔষধ : Temephos 50 EC, Origin : India, Chemical : Temephos 50% EC ($C_{12}$ $H_{20}O_6PS_2$) Pyriproxyfen, Methoprene, Bacillus, thuringiensis israelensis (Bti) Proprietary Additives. 50 (Fifty) Litre<br><br>উল্লেখিত ফগার মেশিন, মশক নিধন ঔষধ ক্রয়ের ব্যয় "বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় পৌরসভার অনুকূলে উন্নয়ন সহায়তার অর্থ বরাদ্ধ ও ব্যবহার নির্দেশিকা, ২০২৪ এর ক্রমিক ৬.১, ১ (৬) এ বর্ণিত "স্বাস্থ্য পরিষেবা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি, সরঞ্জামাদি ক্রয়/সরবরাহ/নির্মান" খাতে বরাদ্ধ সীমার মধ্যে ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি বরাদ্ধকৃত অর্থ হতে পরিশোধ করা হবে।<br>সিদ্ধান্ত ০৪.২ : মশক নিধন ঔষধ ছিটানোর জন্য প্রয়োজনীয় সংখ্যক (৪/৫ জন) দৈনিক হাজিরা ভিত্তিক শ্রমিক নিয়োগ করা হবে ।শ্রমিকদের প্রত্যেককে দৈনিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে মুজুরী প্রদান করা হবে। তারা No work No Pay পদ্ধতিতে নিযুক্ত হবেন। | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।<br>৩। উপ সহকারী প্রকৌশলী। |
| ০৫ | বিবিধ : ১৬ ডিসেম্বর ২০২৫ মহান বিজয় | সভাপতি জানান যে, ১৬ ডিসেম্বর ২০২৫ মহান বিজয় দিবস উপলক্ষ্যে চুনারুঘাট উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের ব্যয় নির্বাহের জন্য | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ |

| | | | |
|---|---|---|---|
| | দিবস উপলক্ষ্যে অনুদান প্রদান সংক্রান্ত : | পৌর তহবিল হতে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অনুদান চেয়ে গত ১২.১২.২০২৫ খ্রিঃ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট কর্তৃক আবেদন করা হয়েছে। আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হয়। আবেদনে উল্লেখ করা হয়েছে যে, বিজয় দিবস উদযাপনের জন্য সরকারিভাবে যে পরিমান বরাদ্ধ পাওয়া গেছে তা দিয়ে অনুষ্ঠানের সকল ব্যয় মিটানো সম্ভব হবে না। এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। আলোচনান্তে মহান বিজয় দিবসের অনুষ্ঠানসমূহ যথাযথ মর্যাদায় ও জাঁকজমকপূর্ণভাবে অনুষ্ঠানের জন্য পৌর তহবিল ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অনুদান প্রদানের বিষয়ে সকলেই একমত পোষন করেন।<br><br>সিদ্ধান্ত : ১৬ ডিসেম্বর ২০২৫ মহান বিজয় দিবস উপলক্ষ্যে চুনারুঘাট উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের ব্যয় মিটানোর জন্য পৌর রাজস্ব তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট এর অনুকূলে ১,০০,০০০/- (এক লক্ষ ) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | হিসাবরক্ষন কর্মকর্তা। |
| ০৬ | প্রকৌশল বিভাগের জন্য ১টি কালার প্রিন্টার ক্রয় : | উপসহকারী প্রকৌশলী টিটন দাশ জানান যে, বিভিন্ন উন্নয়ন প্রকল্পের গ্রহন ও বাস্তবায়নকালে একাধিকবার কালার ছবি সংযুক্ত করতে হয়। IUGIP প্রকল্প হতে ইতোপূর্বে ১টি রঙ্গিন প্রিন্টার বরাদ্ধ দেয়া হয়েছিলো। কিন্তু এটির টোনার সহজলভ্য নয়, মূল্যও অনেক বেশী (প্রতিটি টোনার ৫০/৫৫ হাজার টাকা)। ছবি প্রিন্টের জন্য তিনি ১টি কালার প্রিন্টার ক্রয়ের প্রস্তাব করেন।<br><br>সিদ্ধান্ত : প্রকৌশল বিভাগের জন্য পৌরসভার রাজস্ব তহবিলের অর্থায়নে ১টি কালার প্রিন্টার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।<br>৩। উপসহকারী প্রকৌশলী। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তী ঘোষনা করেন।

০৪/০১/২০২৬

(মোঃ জিয়াউর রহমান)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।

স্মারক নং :চুঃপৌঃ/প্রশাঃ/২০২৬/০৬ তারিখ : ০৪.০১.২০২৬ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার , হবিগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ।
৬। সদস্য (সকল) পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটি, চুনারুঘাট পৌরসভা।
৭। বিভাগ প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা।
৮। শাখা প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা, হবিগঞ্জ।
৯। জনাব ...............................................................................
১০। অফিস নথি।

০৪/০১/২৬

(মোঃ জিয়াউর রহমান)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।



CamScanner